



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
ভূঞাপুর, টাংগাইল
dss.bhuapur.tangail.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৯৩১৯.০০০.১৬.৬৫১.২৬.২৭৬

তারিখ: ৩০-০৭-২০২৬ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি ও হিজড়া, বেদে, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গো।

এতদ্বারা ভূঞাপুর উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি ও হিজড়া, বেদে, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন শুরু হবে।

আবেদনের লিংকঃ <https://dss.bhata.gov.bd/online-application> লিংকে আবেদন গ্রহণ করা হবে।

আবেদনের স্থানঃ উপজেলা তথ্য অফিস/ ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টার/ যে কোন কম্পিউটারের দোকান হতে আবেদন করতে পারবেন।


আবেদনের সময়সীমাঃ ০১/০৮/২০২৬ খ্রিঃ হতে ১৫/০৮/২০২৬ খ্রিঃ পর্যন্ত।

অনলাইন আবেদন এর ক্ষেত্রে নির্দেশনাঃ

- ১। অত্র উপজেলার স্থায়ী নাগরিক হতে হবে।
- ২। বয়স্ক ভাতার ক্ষেত্রে ভোটার আইডিকার্ড অনুযায়ী ৩০/০৬/২০২৬খ্রিঃ তারিখে পুরুষদের ৬৫ বছর এবং মহিলাদের ৬২ বছর বয়স পূর্ণ হতে হবে।
- ৩। প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তির ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড (প্রতিবন্ধী কার্ড) থাকতে হবে।
- ৪। আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (যেমনঃ নগদ, বিকাশ, উপায়, রকেট) ও ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে।
- ৫। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবে না।
- ৬। পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে পুনরায় অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।
- ৭। বেদে, অনগ্রসর, হিজড়া ভাতার আবেদন এর ক্ষেত্রে অবশ্যই জাতীয় পরিচয়পত্র থাকতে হবে এবং জাতীয় পরিচয়পত্রে ব্যক্তির বয়স ৫০ বছর বা তার বেশি হতে হবে। অনগ্রসর শিক্ষা উপবৃত্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র (১৮ বা তদূর্ধ্ব)/জন্ম নিবন্ধন সনদ দিয়ে আবেদন করা যাবে।
- ৮। অনগ্রসর জনগোষ্ঠী বলতে (জেলে, সন্ন্যাসী, ঋষি, বেহারা, নাপিত, ধোপা, হাজাম, নিকারী, পাটনী, কাওড়া, সুইপার, মেথর, ডোমার, ডোম, রাউত, তাতী, কুমার, কামার, মালাকার, নমঃশূদ্র, বাউয়ালী, মহম্মাল, ধোপা, রাজবংশী, সুতার, চর্মকার, ভৌমিক, বাদ্যকার, কল) পেশার জনগোষ্ঠী বোঝাবে।
- ৯। অনগ্রসর শিক্ষা উপবৃত্তির ক্ষেত্রে উপরোক্ত জনগোষ্ঠীর শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। তাদেরকে অত্র উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত হতে হবে।

অনলাইন আবেদন করতে যা যা লাগবেঃ

- ১। জাতীয় পরিচয়পত্র (১৮ বা তদূর্ধ্ব)/জন্ম নিবন্ধন সনদ।
- ২। প্রার্থীর নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস খোলা আছে এমন মোবাইল নম্বর (ইতিপূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি)।
- ৩। পাসপোর্ট সাইজের ১ কপি ছবি।


(নাজমুল হাসান)

উপজেলা সমাজসেবা অফিসার

ফোনঃ ০২৯৯৭৭৫৭৩১৭

ইমেইল: usso.bhuapur@dss.gov.bd

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:

- ০১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাংগাইল।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর, টাংগাইল।
- ০৩। প্রশাসক, ভূঞাপুর পৌরসভা। (সর্বোচ্চ প্রচার প্রচারণার নিমিত্ত মাইকিং এর অনুরোধসহ)
- ০৪। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, ভূঞাপুর, টাংগাইল। (সর্বোচ্চ প্রচার প্রচারণার নিমিত্ত মাইকিং এর অনুরোধসহ)
- ০৫। অফিস কপি।